

ধামরাই সরকারি কলেজ  
শ্রেণিঃ একাদশ  
ব্যবসায় শিক্ষা শাখা  
প্রাক নির্বাচনী পরীক্ষা-২০২৩(অ্যাসাইনমেন্ট)  
বিষয়ঃ ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ১ম ও ২য় পত্র

পূর্ণমানঃ ৭০

‘ক’ বিভাগ ১ম পত্র

১। জনাব আনোয়ার পর্যাপ্ত পুঁজি নিয়ে নিজস্ব উদ্যোগে স্থানীয় বাজারে একটি কাপড় সেলাই কারখানা স্থাপন করেন। তিনি টোঙ্গি বাজার থেকে পাইকারি দামে কাপড় সংগ্রহ করে তার কারখানায় নানা ডিজাইনের পোশাক তৈরি করে থাকেন। কারখানার তৈরিকৃত পোশাক তিনি বিক্রয় প্রতিনিধিদের মাধ্যমে দেশের বিভিন্ন অঞ্চলে সর্বত্র বিক্রয় করেন।

ক. ব্যবসায় কী? ১

খ. শিল্প বলতে কি বোঝায়? ২

গ. জনাব আনোয়ারের ব্যবসায়ের বৈশিষ্ট্য বর্ণনা কর। ৩

ঘ. ব্যবসায়ি হিসেবে জনাব আনোয়ার কি কি কার্যাবলি সম্পাদন করে থাকেন বলে তুমি মনে কর? ৪

২। এমবিএ পাশ করে সাজেদুল একটি বেসরকারি প্রতিষ্ঠানে চাকরি শুরু করেন। অফিসের নিয়ম কানুন তার পছন্দ হয় না। তাই চাকরি ছেড়ে দিয়ে সাজেদুল ক্ষুদ্র ব্যবসায় শুরু করেন। পরবর্তিতে এক বন্ধুকে সাথে নিয়ে যশোরের খামারিদের কাছ থেকে সবজি সংগ্রহ করে মায়ানমারে সরবরাহের সিদ্ধান্ত গ্রহণ করেন।

ক. ব্যবসায়ের মুখ্য উদ্দেশ্য কী? ১

খ. গুদামজাতকরণ উপাদানটি ব্যাখ্যা কর। ২

গ. সাজেদুল ব্যবসায়ের কোন শাখায় অন্তর্ভুক্ত হতে চায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. সাজেদুল চাকরি ছেড়ে ব্যবসায় শুরু করা কতটা যৌক্তিক হয়েছে বলে তুমি মনে কর? ৪

৩। ড. ইমরান একজন সনামধন্য ডাক্তার। তিনি কয়েকজন শেয়ারহোল্ডার নিয়ে আধুনিক যন্ত্রপাতি সংস্থাপন করে একটি হাসপাতাল প্রতিষ্ঠা করেছেন। তার প্রতিষ্ঠিত হাসপাতালটি অল্প দিনের মধ্যেই বেশ লাভজনক প্রতিষ্ঠানে পরিণত হয়েছে। তিনি সমাজের অসহায় গরীব রোগীদের কথা ভেবে ফ্রি চিকিৎসা প্রদানের জন্য একটি দাতব্য প্রতিষ্ঠানও স্থাপন করেছেন।

ক. ব্যবসায়ের বন্টনকারী শাখা কোনটি? ১

খ. বীমা কিভাবে ঝুঁকিগত প্রতিবন্ধকতা দূর করে? ব্যাখ্যা কর। ২

গ. ড. ইমরানের প্রতিষ্ঠিত হাসপাতালটি ব্যবসায়ের কোন ধরনের শাখার অন্তর্গত? বর্ণনা কর। ৩

ঘ. “ড. ইমরানের প্রতিষ্ঠিত দাতব্য প্রতিষ্ঠানটি কেবল মাত্র মানবকল্যাণমূলক প্রতিষ্ঠান।” উক্তিটি সম্পর্কে তোমার মতামত ব্যক্ত কর। ৪

৪। জনাব লোকমান একজন মাছ চাষি। মাছ চাষ ছাড়াও সে হাঁস মুড়গি ও গাছের নার্সারি করেন। ভারতে তার একজন বন্ধুর কাছে লোকমান মাছ রপ্তানি করে। লোকমানের বন্ধু বাংলাদেশ থেকে আমদানিকৃত মাছ আবার আমেরিকায় প্রক্রিয়াজাত করে মাছ রপ্তানি করে। এভাবে তারা দুই বন্ধু প্রচুর অর্থ সম্পদের মালিক হয়।

ক. ব্যবসায় প্রধান শাখা বলা হয় কোনটিকে? ১

খ. নিষ্কাশনশিল্প বলতে কি বোঝায়? ২

গ. জনাব লোকমান কোন ধরনের শিল্প স্থাপনা করেছেন? বর্ণনা কর। ৩

ঘ. দুই বন্ধু কোন ধরনের বাণিজ্যে লিপ্ত রয়েছে তা বিশ্লেষণ কর। ৪

## খ বিভাগ ২য় পত্র

৫। জনাব ফাহিম একটি উৎপাদনশীল প্রকল্পের সুপারভাইজার। কাজের জন্য তাকে একাধিক ব্যবস্থাপকের সাথে যবাবদিহি করতে হয়। একই সময়ে তাকে দুইজন ব্যবস্থাপকের কাছে যবাবদিহির কারণে তার কাজের গতিশীলতা ব্যহত হয়। তিনি বিষয়টি উর্দ্ধতন কর্তৃপক্ষকে জানানোর কথা ভাবছেন।

- ক. ব্যবস্থাপনা কী? ১  
খ. ব্যবস্থাপনা কি পেশা? ব্যাখ্যা কর। ২  
গ. উদ্দীপকের জনাব ফাহিম ব্যবস্থাপনার কোন স্তরে দায়িত্ব পালন করছেন? ব্যাখ্যা কর। ৩  
ঘ. ব্যবস্থাপনার যে নীতি লঙ্ঘনের কারণে জনাব ফাহিমের কাজে সমস্যা হচ্ছে-উদ্দীপকের আলোকে তা মূল্যায়ন কর। ৪

৬। গোল্ডেন জুট মিলস লিঃ খুলনার একটি ব্যবসায় প্রতিষ্ঠান। হাজার হাজার কর্মী সেখানে কাজ করে। প্রতিষ্ঠানটি তার যাবতীয় কর্মকাণ্ডকে তাদের ধরন এবং প্রকৃতি অনুসারে বিভিন্ন বিভাগ ও উপবিভাগে বিভক্ত করেছে। এবং উপযুক্ত ব্যক্তিকে তা সম্পাদনের দায়িত্ব ও কর্তৃত্ব প্রদান করেছে।

- ক. ব্যবস্থাপনার জনক কে? ১  
খ. নির্দেশনার ঐক্য বলতে কি বোঝায়? ২  
গ. গোল্ডেন জুট মিলস লিঃ এ ব্যবস্থাপনার কোন নীতি অনুসৃত হচ্ছে? ব্যাখ্যা কর। ৩  
ঘ. ব্যবস্থাপনার নীতিটি অনুশরন করার ফলে গোল্ডেন জুট মিলস লিঃ সম্ভাব্য কি কি সুবিধা পাবে? ব্যাখ্যা কর। ৪

৭। সাউথ বেঙ্গল প্রতিষ্ঠানটি ১০% মুনাফা বৃদ্ধি করতে চায়। এই কারণে প্রতিষ্ঠানটির ৮টি আঞ্চলিক অফিসের সব পরিকল্পনাগুলো একত্রিত করে আলাদা একটি পরিকল্পনা তৈরি করা হয়েছে।

- ক. পরিকল্পনা কাকে বলে? ১  
খ. পরিকল্পনা হলো ব্যবস্থাপনার অন্যান্য কাজের ভিত্তি। ব্যাখ্যা কর। ২  
গ. উদ্দীপকের সাউথ বেঙ্গল প্রতিষ্ঠানটি প্রথমত কোন ধরনের পরিকল্পনা গ্রহন করেছে? ব্যাখ্যা দাও। ৩  
ঘ. পরবর্তিতে যে পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে তার গুরুত্ব মূল্যায়ন কর। ৪

